

সচিবালয়ের সামনে নন-এমপিও শিক্ষকদের অবস্থান, ৩ জনকে আটকের অভিযোগ

অনলাইন ডেস্ক

প্রকাশ: ১১ জুন, ২০২৬ ১২:৫২



সংগৃহীত ছবি

এমপিও আবেদনের গণবিজ্ঞপ্তি প্রকাশের দাবিতে সচিবালয়ের সামনে অবস্থান নিয়েছেন শিক্ষকরা। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১১টার দিকে তারা শিক্ষা মন্ত্রণালয়ের অভিমুখে যাত্রা করেন তারা।

শিক্ষকদের দাবি, তাদের তিনজন শিক্ষক নেতাকে
আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনী নিয়ে গেছে।

শিক্ষকরা 'আটক' শিক্ষক নেতাদের মুক্তি দিতে এক ঘণ্টা
সময় বেঁধে দিয়েছেন। না হলে তারা কঠোর কর্মসূচির
হুঁশিয়ারি দেন।

এর আগে গতকাল বুধবার জাতীয় প্রেস ক্লাবের সামনে
স্বীকৃতিপ্রাপ্ত নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকদের
লাগাতার অবস্থান কর্মসূচি থেকে আজকের কর্মসূচির
ঘোষণা দেওয়া হয়।

সম্মিলিত নন-মপিও ঐক্য পরিষদের ব্যানারে এ কর্মসূচি
পালন করে আসছেন তারা।